# তথ্য
# জন্য
# ভোটার
# পেনসিলভানিয়া



**নভেম্বর 5**, মঙ্গলবারে গভর্নর, যুক্তরাষ্ট্রের সিনেটের এবং আরও কিছু ক্ষেত্রে একটি নির্বাচন অনুষ্ঠিত হবে।

**তোমার অধিকার সম্পর্কে জান!**

# আপনার অধিকার রয়েছে!

আপনি রেজিস্ট্রেশন করতে ও ভোট দিতে পারবেন, যদি:

- আপনি যুক্তরাষ্ট্রের নাগরিক হন
- নির্বাচনের দিন আপনার বয়স **18** বছর বা তার বেশি হয়
- আপনি পেনসিলভানিয়ার একজন বাসিন্দা হন

যোগ্য সকলেরই ভোট দেওয়ার অধিকার রয়েছে। নির্বাচন সম্পর্কিত সর্বশেষ তথ্য পেতে, ভোটদান সম্পর্কিত কোনো সমস্যায় সহায়তা পেতে বা নির্বাচনের দিন কোনো সমস্যা রিপোর্ট করতে, আপনি এই নিরপেক্ষ ভোটার হটলাইনগুলোর যেকোনো একটিতে কল করতে পারেন:

ইংরেজি: **866-OUR-VOTE (866-687-8683)**
লইয়ার্স কমিটি ফর সিভিল রাইটস আন্ডার ল

স্পেনিশ ও ইংরেজি: **888-VE-Y-VOTA (888-839-8682)**
NALEO এডুকেশনাল ফান্ড

(عربي আরবি এবং ইংরেজি: **844-YALLA-US (844-925-5287)**
আরব আমেরিকান ইনস্টিটিউট (AAI)

মান্দারিন, ক্যানটোনিজ, কোরিয়ান, ভিয়েতনামিজ, তাগালগ, উর্দু, হিন্দি, বাংলা এবং ইংরেজি - **888-API-VOTE (888-274-8683)**
APIAVote এবং এশিয়ান আমেরিকানস অ্যাডভান্সিং জাস্টিজ (AAJC)

আমেরিকান ইশারা ভাষার জন্য ভিডিও কল: **301-818-VOTE (8683)**
ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ দ্যা ডিফ (NAD)

কিভাবে আপনার সিটি বা কাউন্টির নির্বাচনী অফিস খুঁজে পাবেন তা সহ সহায়তার জন্য আপনি স্টেটের নির্বাচন ব্যুরোতেও কল করতে পারেন:
**1-877-VOTESPA**

# ভোটার নিবন্ধন

## ভোটের জন্য রেজিস্ট্রেশন করা

আমি সম্প্রতি ভোটের জন্য রেজিস্ট্রেশন করেছি। আমার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে কি না তা আমি কিভাবে নিশ্চিত হবো? আপনার রেজিস্ট্রেশন ফর্ম পর্যালোচনা করে আপনাকে তালিকাভুক্ত করতে কাউন্টি নির্বাচন অফিসের কয়েক দিন সময় লাগে।

- আপনি আপনার কাউন্টি নির্বাচন বোর্ডে কল করে বা অনলাইনে **www.pavoterservices.pa.gov/Pages/voterregistrationstatus.aspx** -এ গিয়ে আপনার রেজিস্ট্রেশনের অবস্থা দেখে নিতে পারেন

- আপনি যদি এমন কোনো বিজ্ঞপ্তি পান যে আপনার রেজিস্ট্রেশন প্রত্যাখ্যান করা হয়েছে বা আপনার কোনো প্রশ্ন থাকলে, সহায়তা পেতে **866-OUR-VOTE** নম্বরে কল করুন।

## আমি একজন নিবন্ধিত ভোটার, কিন্তু সম্প্রতি আমি স্থান পরিবর্তন করেছি। আমি কি এখনও ভোটের জন্য নিবন্ধিত আছি?

- হ্যাঁ। তবে, আপনি যদি আপনার নতুন বাসার কাছাকাছি ভোট দিতে চান, বা আপনি যদি ডাকে ভোট দিতে চান, তবে আপনাকে আপনার নতুন ঠিকানা দিয়ে আপনার রেজিস্ট্রেশনটি আপডেট করে নিতে হবে। আপনি PA ডিপার্টমেন্ট অব স্টেট থেকে অনলাইনে আপনার ঠিকানা পরিবর্তন করতে পারবেন। আপনি যদি সশরীরে বা কাগজে রেজিস্ট্রেশন করতে চান, তবে সাহায্য পেতে **1-877-VOTESPA** নম্বরে কল করুন।

- আপনি আপনার পুরনো ভোটকেন্দ্রে গিয়েও ভোট দিতে পারবেন। আপনি যদি নির্বাচনের অনধিক 30 দিন পূর্বে স্থান পরিবর্তন করে থাকেন, তবে আপনাকে অবশ্যই আপনার পুরনো ভোট কেন্দ্রে ভোট দিতে হবে। আপনি যদি স্টেটের বাইরে থেকে এসে থাকেন, তবে পেনসিলভানিয়ায় ভোট দিতে আপনাকে রেজিস্ট্রেশন করতে হবে।

## আপনার যদি অপরাধমূলক রেকর্ড থাকে, তবে আমি কি রেজিস্ট্রেশন করতে ও ভোট দিতে পারবো?

- হ্যাঁ, আপনি যদি কোনো গুরুতর অপরাধের কারণে বর্তমানে কারারুদ্ধ না থাকেন, তবে আপনি ভোট দিতে পারবেন। আপনি যদি প্রবেশন বা প্যারোলে থাকেন, গৃহবন্দী থাকেন বা বেআইনি কাজের অভিযোগে সাজা খাটেন তবে আপনি ভোট দিতে পারবেন।

## আমি পুয়ের্তো রিকোতে জন্মগ্রহণ করেছি। আমি কি পেনসিলভানিয়ায় ভোট দিতে পারবো?

- আপনি যদি পুয়ের্তো রিকোতে জন্মগ্রহণ করে থাকেন, তবে আপনি স্বয়ংক্রিয়ভাবেই যুক্তরাষ্ট্রের একজন নাগরিক এবং আপনি পেনসিলভানিয়ায় (বা আপনি যে স্টেটে বাস করেন সেখানে) ভোটদানের জন্য রেজিস্ট্রেশন করতে পারবেন।

আপনি যদি যুক্তরাষ্ট্রের নাগরিক না হয়ে থাকেন, তবে ভোট দেওয়া বা ভোটদানের জন্য রেজিস্ট্রেশন করাও একটি অপরাধ, এবং তা আপনাকে আপনার নাগরিকত্ব পাওয়া থেকে বিরত রাখতে পারে।

# ডাকে ভোটদান

## ডাকে ব্যালট পাঠানোর জন্য আমি কিভাবে অনুরোধ করবো?

- ডাকের বা অ্যাবসেন্টি ব্যালটের জন্য **www.votesPA.com**-এ একটি আবেদন জমা দিন।

## যদি আমার ডাকে ব্যালট পাওয়ার আবেদনটি প্রত্যাখ্যান করা হয় তবে আমি কী করবো?

- আপনি যদি আপনার আবেদন বাতিল হওয়া সংক্রান্ত কোনো বিজ্ঞপ্তি পেয়ে থাকেন, তবে একজন আইনজীবীর কাছ থেকে বিনামূল্যে সহায়তা পেতে **866-OUR-VOTE** নম্বরে কল করুন।

## আমি কখন আমার ব্যালট পাবো?

- আইন অনুযায়ী, কাউন্টি আপনাকে অবশ্যই নির্বাচনের দুই সপ্তাহ পূর্বে ডাকে ভোটদানের ব্যালট পাঠাবে। যদি তা আপনার কাছে না পৌঁছে বা আপনি এটি হারিয়ে ফেলেন, বা ব্যালট চিহ্নিত করার সময় কোনো ভুল করে থাকেন, তবে আরেকটি ব্যালট পেতে কাউন্টি নির্বাচন অফিসে কল করুন।
- আপনি **www.vote.pa.gov/mailballotstatus** এ আপনার ব্যালট চেক বা ট্র্যাক করতে পারবেন।

## অন্য কেউ কি আমার পক্ষে আমার ডাকে ভোটদানের ব্যালটটি জমা দিতে পারবেন?

- আপনাকে অবশ্যই নিজেই নিজের ব্যালট জমা দিতে হবে। আপনার যদি প্রতিবন্ধীত্ব থাকে তবে আপনি **www.VotesPA.com** থেকে অনুমোদিত মনোনীত এজেন্ট ফর্ম পূরণ করে আপনার ব্যালট ফেরত দিতে অন্য কাউকে মনোনীত করতে পারবেন।

## ডাকে ভোটদানের জন্য আবেদন করার পরে আমি কি আমার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারবো?

- হ্যাঁ। নির্বাচনের দিন আপনার ব্যালট ও রিটার্ন খামটি আপনার ভোটকেন্দ্রে নিয়ে আসুন। নির্বাচনী কর্মীরা তা বাতিল করবেন এবং আপনি নির্বাচনের বুথে সশরীরে ভোট দিতে পারবেন। যদি আপনার কাছে আপনার ব্যালটটি না থাকে, তবে আপনাকে একটি শর্তসাপেক্ষ ব্যালটে (provisional ballot) ভোট দিতে হবে।

## আমি যদি ডাকে ভোট দেই তবে আমার ভোটটি কি সত্যিই বিবেচিত হবে?

- ডাকে ভোটদান নিরাপদ। এমন কিছু ব্যবস্থা রয়েছে যার ফলে আপনার ভোটটি গণনা না করে কোনো উপায় নেই। আপনি যদি সন্দেহ করেন যে এটি ডাকে হারিয়ে গেছে বা আপনি এটি বাসায় হারিয়ে ফেলেন, তবে আপনি আপনার কাউন্টির নির্বাচন অফিসে করে আরেকটি ব্যালটের জন্য অনুরোধ করতে পারবেন। আপনার কাউন্টির নির্বাচন অফিস খুঁজে পেতে গুগল করুন বা যুক্ত হতে **1-877-VOTESPA** নম্বরে কল করুন।

## আপনার ব্যালট গণনার জন্য বিবেচিত হতে আপনাকে অবশ্যই:

- যে গোপন খামে "Official Election Ballot" চিহ্নিত রয়েছে তাতে আপনার চিহ্নিত ব্যালটটি ঢোকান। খামটি সিল করুন এবং খামে কোনো চিহ্ন দেবেন না
- কাউন্টির ঠিকানা লেখা বাইরের রিটার্ন খামটিতে সিল করা গোপন খামটি ঢোকান
- আপনাকে অবশ্যই রিটার্ন খামে আপনার নাম স্বাক্ষর করতে হবে ও হাতে তারিখ লিখতে হবে।
- আপনি যদি খামে স্বাক্ষর ও তারিখ না দেন, তবে আপনার ব্যালটটি বিবেচনা করা হবে না।

# সশরীরে ভোটদান

## ভোট দিতে আমি কোথায় যাবো?

আপনি **www.votesPA.com** থেকে, **866-OUR-VOTE** নম্বরে কল করে বা আপনার কাউন্টির নির্বাচন অফিসে কল করে আপনার ভোটকেন্দ্রের জেনে নিতে পারেন।

## সশরীরে ভোট দিতে কি আমার ছবিযুক্ত আইডির প্রয়োজন হবে?

না। শুধুমাত্র প্রথমবার ভোট দিচ্ছেন এমন ভোটারদেরকে তাদের নির্বাচন কেন্দ্রে আইডি প্রদর্শন করতে হবে। আপনি চাকরি বা শিক্ষার্থী আইডি (যদি থাকে) সহ ছবিযুক্ত কোনো আইডি ব্যবহার করতে পারেন। আপনি ছবি-বিহীন আইডিও ব্যবহার করতে পারবেন, যেমন ইউটিলিটি বিল বা ব্যাংক স্টেটমেন্ট, যেখানে আপনার ঠিকানা রয়েছে। আপনি যদি ঐ নির্বাচন কেন্দ্রে পূর্বে ভোট দিয়ে থাকেন, তবে আপনাকে আপনার আইডি দেখানোর জন্য অনুরোধ করার সম্ভাবনা নেই।

## তারা যদি আমাকে বলেন যে আমি ভোটার তালিকায় নেই, তবে কী হবে?

প্রথমে নির্বাচনী কর্মকর্তাগণকে পুনরায় তালিকাটি দেখতে বলুন বা সম্পূরক নির্বাচন বইটি (ভোটিং রোলে সাম্প্রতিক পরিবর্তনের একটি তালিকা) দেখতে বলুন। আপনার নামটি বানান করে তাদেরকে বলুন। আপনি যদি বিশ্বাস করেন যে আপনি সঠিক নির্বাচন কেন্দ্রে আছেন কিন্তু আপনার নামটি ভোটার তালিকায় নেই, তবে একটি শর্তসাপেক্ষ ব্যালট (provisional ballot) দিতে বলুন, তারা আপনাকে তা দেবেন। অনুগ্রহ করে আপনার অভিজ্ঞতাটি **866-OUR-VOTE** -এ রিপোর্ট করুন।

## শর্তসাপেক্ষ ব্যালট (provisional ballot) কী?

যখন আপনার যোগ্যতা নিয়ে কোনো প্রশ্ন থাকে বা আপনি যদি ডাকে-ভোটদানের-ব্যালটের জন্য আবেদন করে থাকেন, তবে আপনার ভোট রেকর্ড করতে 'শর্তসাপেক্ষ ব্যালট' ব্যবহার করা হয়। যদি নির্বাচন কর্মকর্তারা আপনার যোগ্যতা সম্পর্কে নিশ্চিত হন তবে তা গণনা করা হবে।

## নির্বাচন কেন্দ্রে কি আমার ভোটদানের অধিকার চ্যালেঞ্জ করা হতে পারে?

হ্যাঁ, তবে শুধু কিছু নির্দিষ্ট কারণে এবং কিছু নির্দিষ্ট লোক দ্বারা। কোনো নির্বাচন কর্মকর্তা, নির্বাচন পর্যবেক্ষক বা অন্য কোনো ভোটার শুধুমাত্র তখনই একজন ভোটারকে চ্যালেঞ্জ করতে পারবেন, যদি তারা মনে করেন যে ঐ ভোটার ঐ এলাকায় বাস করেন না বা ঐ ব্যক্তিটি সঠিক ভোটার নন।

# সাধারণ নির্বাচনের জন্য গুরুত্বপূর্ণ তারিখসমূহ



- ভোটদানের জন্য রেজিস্ট্রেশন: **21** অক্টোবর

- ডাকে ভোটদানের ব্যালটের জন্য আবেদন: **29** অক্টোবর 21 অক্টোবর তারিখের মধ্যে অনুরোধ করার পরামর্শ দেওয়া হচ্ছে।

- ডাকে ভোটদানের ব্যালট ফেরত পাঠানো: রাত **8**টার মধ্যে। নভেম্বর **5**। 30 অক্টোবর মধ্যে ফেরত দেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

আরও তথ্যের জন্য, www.votesPA.com ভিজিট করুন

দাবি পরিত্যাগী ঘোষণা
পেনসিলভানিয়ায় ভোটদানের এই নির্দেশিকাটি কোনো আইনগত পরামর্শ নয়। আপনার যোগ্যতা বা অধিকার সম্পর্কে যদি আপনার কোনো প্রশ্ন থাকে, তবে অনুগ্রহ করে **866-OUR-VOTE** নম্বরে কল করুন বা একজন আইনজীবীর সাথে পরামর্শ করুন।